


**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-এর মোটরযান পরিদর্শক [১০ম গ্রেড] পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি নির্ধারণ।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১১৩.১১.০২৬.২২-১৪৭

তারিখ : ২৩ ভাদ্র ১৪৩০ / ৭ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়: বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-এর মোটরযান পরিদর্শক [১০ম গ্রেড] পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি, আসন বিন্যাস এবং নির্দেশাবলি।**

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)-এর মোটরযান পরিদর্শক [১০ম গ্রেড] পদের বাছাই পরীক্ষায় (MCQ) উত্তীর্ণ ২৫৯ জন প্রার্থীর লিখিত পরীক্ষা নিম্নে উল্লিখিত কেন্দ্রে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| লিখিত পরীক্ষার তারিখ ও সময় | পদের নাম, বিজ্ঞপ্তির নম্বর ও তারিখ | পরীক্ষা কেন্দ্রের নাম | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|
| **২৪/০৯/২০২৩ (রবিবার) সকাল ১১.০০ মিনিট থেকে বিকাল ৩.০০ মিনিট পর্যন্ত** | **"মোটরযান পরিদর্শক"** (১০ম গ্রেড) [বিজ্ঞপ্তির তারিখ : ০৬.০২.২০২৩, বিজ্ঞপ্তির নম্বর : ০৫] | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা। | 000003 থেকে 800109 | ২৫৯ জন |

## পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি:

২.০ পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে নিচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

৩.০ কমিশনের ওয়েবসাইটে www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ প্রার্থীদের **"মোটরযান পরিদর্শক"** [১০ম গ্রেড] পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

৪.০ কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৫.০ হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। হাজিরা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে স্বাক্ষর একই হতে হবে।

৬.০ পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থীতা বাতিল হবে।

৭.০ মোবাইল ফোন, কোনো ধরনের ইলেকট্রনিক্স যোগাযোগ যন্ত্র, হাতঘড়ি, বই-পুস্তক, অর্নামেন্টস অথবা ব্যাগসহ কোনো পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। পরীক্ষার হলের গেটে পুলিশ এর উপস্থিতিতে উল্লিখিত দ্রব্যাদি এবং প্রবেশপত্র পরীক্ষা করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর কাছে মোবাইল ফোন, কোনো ধরণের যোগাযোগ যন্ত্র বা হাতঘড়ি পাওয়া গেলে উক্ত প্রার্থীকে বহিষ্কারপূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত সকল নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

৮.০ কমিশন ঘোষিত নিষিদ্ধ সামগ্রী নিয়ে কোন পরীক্ষার্থী যেন পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে, সে জন্য হল কর্তৃপক্ষ এবং কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ পরীক্ষা হলের প্রবেশ পথে প্রার্থীদের মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশিপূর্বক হলে প্রবেশের বিষয়টি নিশ্চিত করবেন।

ক্রমশ-২

৯.০ পরীক্ষা চলাকালীন বহিরাগত কেউ যেন কোনোভাবেই পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে সে বিষয়টি পরীক্ষা হলের প্রবেশ পথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ নিশ্চিত করবেন।

১০. পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য-সাংবাদিক-গোয়েন্দা সংস্থার সদস্য, বিপিএসসির প্রতিনিধি বা অন্য কোন পরিচয় দিয়ে কোন ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনের প্রবেশের অনুমতি প্রদান করবেন।

১১. পরীক্ষার শুরুর নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষাকক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।

১২. পরীক্ষার্থীদের বাংলা-৪০ নম্বর, ইংরেজি-৪০ নম্বর, সাধারণ জ্ঞান-৪০ নম্বর ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল (পাওয়ার বা অটোমোবাইলস) বিষয়ে-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৪ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষায় সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা নিষিদ্ধ। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।

১৩. পরীক্ষার্থীদের একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল (পাওয়ার বা অটোমোবাইলস) বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।

১৪. হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে প্রার্থীর স্বাক্ষর একই হতে হবে।

১৫. মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (substantive) ঘাটতি পাওয়া গেলে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১৬. এ বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট **www.bpsc.gov.bd**-তে পাওয়া যাবে।

৭.১.২০২০

[আবদুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)